

সারাদেশ

মাদারীপুরে পরকীয়া সম্পর্কের জেরে স্ত্রীকে জোরপূর্বক বিষপানে হত্যার অভিযোগ

প্রতিবেদক: মাদারীপুর প্রতিনিধি

প্রকাশের তারিখ: শুক্রবার, ২৫ সেপ্টেম্বর ২০২৬, ০৫:৩৬ PM



মাদারীপুর সদর উপজেলার ধুড়াইল ইউনিয়নের বাঁশতলা এলাকায় লাবনী আক্তার নামের এক গৃহবধূকে জোর করে বিষপান করিয়ে হত্যার অভিযোগ উঠেছে তাঁর স্বামী ঝিনু কাজীর বিরুদ্ধে। পরকীয়া সম্পর্কের জেরে এ ঘটনা ঘটেছে বলে অভিযোগ করেছেন লাবনীর স্বজনরা।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) ভোররাতে এ ঘটনা ঘটে বলে পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে।

লাবনীর স্বজনদের অভিযোগ, প্রবাসী ঝিনু কাজীর সঙ্গে পাশের বাড়ির শারমিন আক্তারের দীর্ঘদিন ধরে পরকীয়া সম্পর্ক রয়েছে। এ নিয়ে প্রতিবাদ করায় প্রায় এক বছর ধরে ঝিনু ও লাবনীর মধ্যে ঝগড়া-বিবাদ চলছিল।

স্বজনদের ভাষ্য, এরই ধারাবাহিকতায় বৃহস্পতিবার ভোররাতে ঝিনু কাজী, তাঁর কথিত প্রেমিকা শারমিন আক্তার ও শারমিনের বাবা নানু সরদার লাবনীর ঘরে প্রবেশ করেন। সেখানে তাঁরা লাবনীকে জোর করে বিষপান করান বলে অভিযোগ করা হয়েছে।

বিষপানের পর লাবনী গুরুতর অসুস্থ হয়ে পড়েন। পরে বিষয়টি তাঁর পরিবারের সদস্যদের জানানো হয়। তাঁর মা, ভাই-বোনসহ স্বজনেরা দ্রুত ঘটনাস্থলে গিয়ে তাঁকে উদ্ধার করেন।

গুরুতর অসুস্থ অবস্থায় লাবনীকে মাদারীপুর সদর হাসপাতালে নেওয়া হয়। সেখানে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

লাবনীর মৃত্যুর পর তাঁর পরিবারের সদস্যরা অভিযোগ করেন, তিনি স্বাভাবিকভাবে বিষপান করেননি। তাঁকে জোর করে বিষপান করিয়ে হত্যা করা হয়েছে।

তবে এই অভিযোগের সত্যতা এখনো নিশ্চিত হয়নি। মৃত্যুর প্রকৃত কারণ জানতে পুলিশ লাবনীর মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানোর ব্যবস্থা করেছে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়া গেলে মৃত্যুর কারণ সম্পর্কে বিস্তারিত জানা যাবে।

এ ঘটনায় মাদারীপুর সদর থানায় আইনগত প্রক্রিয়া চলছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

অভিযোগের বিষয়ে বিনু কাজী, শারমিন আক্তার ও নাম্নু সরদারের বক্তব্য তাৎক্ষণিকভাবে পাওয়া যায়নি।

মাদারীপুর সদর থানার পুলিশ জানিয়েছে, ঘটনাটি তদন্ত করে দেখা হচ্ছে। অভিযোগের সত্যতা ও মৃত্যুর প্রকৃত কারণ নিশ্চিত হওয়ার পর পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



জাতীয়তাবাদী ওলামা দল

পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ

পাবনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরির ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু

সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদের আনুয়িক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/madaripure-prkiya-smprker-jere-strike-jorpurbk-bishpane-hjar-obhjpg>